ভোরের কাগজ

৯২/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ৫.....

সচিব কমিটির সুপারিশ

# মাদ্রাসা শিক্ষা আধুনিকায়ন ও সর্বস্তরে ইংরেজি শিক্ষা বাধ্যতামূলক করতে হবে

কাগজ প্রতিবেদক : দেশের মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়ন ও ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৭

## মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন

● প্রথম পাতার পর

যুগোপযোগী করে গড়ে তোলা এবং সর্বস্তরে ইংরেজি শিক্ষা বাধ্যতামূলক করাসহ ৪৩ দফা সুপারিশ করেছে সচিবদের সমন্বয়ে গঠিত সরকারের উচ্চ ক্ষমতাসম্পন্ন বিশেষ কমিটি। স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কার্যক্রম গ্রহণ করার মধ্য দিয়ে এসব সুপারিশমালা বাস্তবায়নেরও পরামর্শ দিয়েছে সচিব কমিটি।

উল্লেখ্য, গত ১৭ অক্টোবর প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নির্দেশে মানবসম্পদ উন্নয়নসহ পাঁচটি গুরুত্বপূর্ণ খাত দ্রুত উন্নয়নের লক্ষ্যে সচিবদের সমন্বয়ে পাঁচটি বিশেষ কমিটি গঠন করা হয়। প্রধানমন্ত্রীর নির্দেশ মোতাবেক বিশেষ কমিটির সুপারিশমালা ১০০ দিনের মধ্যে বাস্তবায়ন হওয়ার কথা। ইতিমধ্যেই আইনশৃঙ্খলা, প্রশাসন এবং অর্থ ব্যবস্থাপনা ও বাণিজ্য সংক্রান্ত সচিব কমিটির সুপারিশমালা মন্ত্রিসভায় নীতিগতভাবে অনুমোদন করা হয়েছে। মানবসম্পদ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশমালা আজকের মন্ত্রিসভার বৈঠকে উত্থাপিত হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

শিক্ষা সচিবের নেতৃত্বে গঠিত মানবসম্পদ সম্পদ উন্নয়ন সচিব কমিটি সূত্রে জানা গেছে, স্কুলগুলোতে ইংরেজি শিক্ষা নির্ভুলভাবে পরিচালিত হচ্ছে কিনা তা যাচাই এবং জবাবদিহিতার ব্যবস্থা করতে হবে। এ ছাড়া কোচিং ও প্রাইভেট শিক্ষা কার্যক্রমের ওপরও সরকারের সরাসরি নিয়ন্ত্রণ থাকতে হবে এবং সুনির্দিষ্ট ব্যবস্থাপনার মাধ্যমে এ শিক্ষার মান উন্নয়ন বাধ্যতামূলক হওয়া বাঞ্ছনীয়।

এ ছাড়া সচিব কমিটির সুপারিশমালায় বলা হয়েছে, শিক্ষা ব্যবস্থাকে জীবনমুখী করে গড়ে তোলার জন্য ধর্মীয় শিক্ষা ও নৈতিক মূল্যবোধ অন্তর্ভুক্ত করে সিলেবাস পরিবর্তন এবং নতুন করে পাঠ্যপুস্তক রচনা করা প্রয়োজন। এ ছাড়া সুপারিশমালায় আরো উল্লেখ করা হয়েছে, শিক্ষার জন্য খাদ্য কার্যক্রম জোরদার, ছাত্রীদের দ্বাদশ শ্রেণী পর্যন্ত বৃত্তির ব্যবস্থা সাক্ষরতা বাড়াতে উপানুষ্ঠানিক শিক্ষা ও বয়স্ক শিক্ষার পাশাপাশি কর্মসংস্থানের ব্যবস্থা করা ইত্যাদি।

দ্রুত সকল বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ারও সুপারিশ করেছে সচিবরা। এ ছাড়া সচিবদের সুপারিশমালায় মানবসম্পদ উন্নয়নের ধ্যান-ধারণা, জনশক্তি চাহিদা নিরূপণ, শিক্ষা ও স্বাস্থ্য খাতে মানবসম্পদ উন্নয়নে বাস্তবমুখী প্রশিক্ষণের ব্যাপারে বিস্তারিত সুপারিশ করা হয়। পাশাপাশি এই সুপারিশমালা বাস্তবায়ন প্রক্রিয়াও তুলে ধরা হয় সচিবদের সুপারিশ প্রতিবেদনে।